# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ১. ২১. বাইবেলীয় ঈশ্বরের মিথ্যাবাদী আত্মা!

বাইবেল থেকে জানা যায় যে মন্দ আত্মা ছাড়াও ঈশ্বরের মিথ্যাবাদী আত্মা (lying spirit) রয়েছে। ঈশ্বর তাঁর নবীদের কাছে মাঝে মাঝে মিথ্যাবাদী আত্মা প্রেরণ করেন। এরূপ মিথ্যাবাদী আত্মার মিথ্যা তথ্যের ভিত্তিতে নবী মিথ্যা বলেন এবং ফলশ্রুতিতে নবী বা নবীর কথার উপর আস্থাশীল ঈমানদাররা ধ্বংস হন।

ইতোপূর্বে দ্বিতীয় অধ্যায়ে অভ্রান্ততা প্রসঙ্গে আমরা বিষয়টা দেখেছি। আমরা দেখেছি যে, চারশত নবী একজোট হয়ে বলেন যে, ইহুদি রাজাদেরকে জানান যে, যুদ্ধে গমন করাই ঈশ্বরের নির্দেশ এবং ঈশ্বর বিজয় দেবেন। বাইবেল নিশ্চিত করেছে যে, এটা ছিল একটা ঐশ্বরিক ষড়যন্ত্র। ইসরাইলের রাজাকে হত্যা করার জন্য ঈশ্বরের পক্ষ থেকে একজন মিথ্যাবাদী আত্মা এ সকল নবীকে মিথ্যা ওহী দিয়েছে। (১ রাজাবিল ২২/৫-৬ ও ১৫-২৩; ২ বংশাবলি ১৮/৪-৫ ও ২১-২২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14288

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন